

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬০৩

১/ বিবিধ

আরবী

إن لله تعالى مجاهدين في الأرض أفضل من الشهداء، أحياء مرزوقين، يمشون على الأرض، يباهي الله بهم ملائكة السماء، وتزين لهم الجنة كما تزينت أم سلمة لرسول الله صلى الله عليه وسلم، هم الآمرون بالمعروف والناهون عن المنكر، والمحبون في الله، والمبغضون في الله، والذي نفسي بيده إن العبد منهم ليكون في الغرفة فوق غرف الشهداء، للغرفة منها ثلاثمائة ألف باب، منها الياقوت والزمرد الأخضر، على كل باب نور، وإن الرجل منهم ليتزوج بثلاثمائة ألف حوراء، قاصرات الطرف عين، كلما التفت إلى واحدة منهن فنظر إليها تقول له: أتذكر يوم كذا وكذا أمرت بالمعروف، ونهيت عن المنكر؟ كلما نظر إلى واحدة منهن ذكرت له مقاما أمر فيه بمعروف، ونهى فيه عن منكر
لا أصل له

ذكره الغزالي (2 / 273) من حديث أبي نر! وقال الحافظ العراقي في "تخریجه": "لم أقف له على أصل، وهو منكر
قلت: ولوائح الوضع عليه ظاهرة. والله أعلم

বাংলা

৬০৩। যমীনের মধ্যে আল্লাহ তা'আলার পথের মুজাহিদরা রয়েছে যারা শহীদদের চেয়েও উত্তম। তাদেরকে জীবিত অবস্থায় রিয়ক দেয়া হয়ে থাকে। তারা যমীনের উপর বিচরণ করে। আল্লাহ তাদের নিয়ে আসমানের ফেরেশতাদের সামনে অহংকার করেন এবং তাদের জন্য জান্নাতকে সাজানো হবে যে রূপ রাসূল সাল্লাল্লাহু

আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য উম্মু সালামাকে সাজানো হয়েছিল। তারা সৎকাজের নির্দেশ দিবে অসৎ কাজ হতে নিষেধ করবে। তারা আল্লাহর উদ্দেশ্যেই ভালবাসবে আর আল্লাহর উদ্দেশ্যেই ঘৃণা করবে। ঐ সত্তার কসম যার হাতে আমার আত্মা অবশ্যই তাদের মধ্যে অন্তর্ভুক্ত বান্দা বহু ঘরের উপরের ঘরে বাস করবে। শহীদদের ঘরেরও উপরে। সেই সব ঘরের প্রতিটিতে তিন লক্ষটি দরজা থাকবে। যার কোন কোনটি ইয়াকূত পাথরের আবার কোনটি সবুজ যামরাদ পাথরের। প্রত্যেকটি দরজায় আলো থাকবে। তাদের প্রত্যেক ব্যক্তি তিনলক্ষটি হরকে বিবাহ করবে। যাদের চোখের দৃষ্টি নিম্নমুখী হবে। তাদের যে কোন একজনের দিকে যখন দৃষ্টি দিবে তখন সে তাকে বলবেঃ তুমি কি সেই দিনটিকে স্মরণ করছ যেদিন তুমি সৎ কর্মের নির্দেশ দিয়েছিলে এবং অসৎ কাজ হতে নিষেধ করেছিলে? যখনই তাদের মধ্য হতে যে কোন একজনের দিকে দৃষ্টি দিবে, তখনই সে তাকে স্মরণ করিয়ে দিবে এমন এক স্থানের যেখানে সে সৎ কাজের নির্দেশ দিয়েছিল এবং অসৎ কাজ হতে নিষেধ করেছিল।

হাদীছটির কোন ভিত্তি নেই।

এটিকে গায়ালী (২/২৭৩) আবু যার (রাঃ) হতে বর্ণনা করেছেন। হাফিয় ইরাকী তার “তাখরাজুল ইহইয়া” গ্রন্থে বলেছেনঃ হাদীছটির ভিত্তি সম্পর্কে আমি অবহিত হইনি। এটি মুনকার।

আমি (আলবানী) বলছিঃ এটির জাল হওয়াটাই সুস্পষ্ট।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71482>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন